

# الدرس الاول

## প্রথম পাঠ

### এই পাঠে:

ইসমুল ইশারার পরিচয় ও ব্যবহার, মুযাক্কার-মুআল্লাছের পরিচয় ও চেনার উপায়, হরকতবিহীন শব্দ পড়ার নিয়ম, প্রশ্নবোধক শব্দ ব্যবহারের নিয়ম ও একটি প্রশ্নবোধক শব্দের ব্যবহার নিয়ে আলোচনা করা হয়েছে।

### ইসমুল ইশারার পরিচয়:

যে সমস্ত শব্দের দ্বারা কোন ব্যক্তি বা বস্তুর দিকে ইশারা করা হয় সে সমস্ত শব্দকে আরবীতে ইসমুল ইশারা (إِسْمُ الْأَشَارَةِ) বলা হয়।

যেমন, هذا، هذه، ذلك، تلك



### ইসমুল ইশারার ব্যবহার:

- هذا - هذه শব্দ দুইটি নিকটবর্তী ব্যক্তি বা বস্তুর দিকে ইশারা করার জন্য ব্যবহৃত হয়।
- ذلك - تلك শব্দ দুইটি দূরবর্তী ব্যক্তি বা বস্তুর দিকে ইশারা করার জন্য ব্যবহৃত হয়।
- মুযাক্কার শব্দের ক্ষেত্রে هذا - ذلك এবং মুয়াল্লাস শব্দের ক্ষেত্রে هذه - تلك ব্যবহৃত হয়।

	মুযাক্কার	মুয়াল্লাস
নিকটবর্তী	هذا	هذه
দূরবর্তী	ذلك	تلك

## মুযাক্কার-মুআন্নাছের পরিচয়

- যে সমস্ত শব্দের দ্বারা পুরুষ বুঝানো হয় সে সমস্ত শব্দকে মুযাক্কার বলে। যেমন, পিতা, ভাই, শিক্ষক।
- যে সমস্ত শব্দের দ্বারা মহিলা বুঝানো হয় সে সমস্ত শব্দকে মুআন্নাছ বলে। যেমন, মাতা, বোন, শিক্ষিকা।

## জড় বস্তুর ক্ষেত্রে মুযাক্কার-মুআন্নাছ চেনার উপায়:

জড় বস্তুর ক্ষেত্রে যেহেতু পুরুষ-মহিলার মত কোন বিষয় নেই, তাই জড় বস্তুর ক্ষেত্রে অর্থ দেখে মুযাক্কার-মুআন্নাছ নির্ণয় করা যায় না। তখন আলামতের উপর ভিত্তি করে মুযাক্কার-মুআন্নাছ নির্ণয় করতে হয়।

জড় বস্তুর ক্ষেত্রে মুযাক্কার-মুআন্নাছ নির্ণয় করার একটি উপায় হল,

শব্দের শেষ হরফ গোল তা কিনা লক্ষ্য করা।

- যে শব্দের শেষ হরফ গোল তা নয় সে শব্দটি মুযাক্কার।
- যে শব্দের শেষ হরফ গোল তা সেই শব্দটি মুআন্নাছ।

## হরকতবিহীন শব্দ পড়ার উপায়

এসো আরবী শিখি কিতাবটির প্রথম পাঠের শব্দার্থ মুখস্ত করার পর যখন বাক্যগুলো পড়া শুরু করা হয়, তখন অনেকেই ভয় পেয়ে যান। তারা বুঝতে পারেন না যে, বাক্যে ব্যবহৃত হরকতবিহীন শব্দগুলো কিভাবে পড়া হবে। তাদের জন্য নিচের পরামর্শটি।

কোন একটি শব্দ আমরা যেভাবে মুখস্ত করেছি সেভাবেই শব্দটি পড়তে থাকব যতক্ষণ না শব্দটিকে পরিবর্তন করে পড়ার কোন কারণ পাওয়া যায়।

## ۷ শব্দটির ব্যবহার

ধারণা নেই এমন কোন বস্তু সম্পর্কে ধারণা পাওয়ার জন্য ۷ শব্দটি দ্বারা প্রশ্ন করা হয়।

## প্রশ্নবোধক শব্দ ব্যবহারের নিয়ম

আরবীতে প্রশ্নবোধক শব্দ সাধারণত বাক্যের শুরুতে ব্যবহৃত হয়।



১. ইসমুল ইশারা কাকে বলে?
২. ইসমুল ইশারার কোনটি কোথায় ব্যবহার করা হয়?
৩. মুযাক্কার-মুআন্নাছ কাকে বলে?
৪. মুযাক্কার-মুআন্নাছ চেনার উপায় কী কী?
৫. হরকতবিহীন শব্দ পড়ার উপায় কী?
৬. প্রশ্নবোধক শব্দ বাক্যের কোন স্থানে বসে?
৭. প্রশ্নবোধক শব্দ ۷ শব্দটি কেন ব্যবহার করা হয়?